



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২০/১৪৭

১৩ অক্টোবর ২০২০ইং

সম্মানিত সদস্যগণের জন্য

বিষয় : বিজিএমইএ কার্যালয় সমূহে গমনা-গমন সীমিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান করোনা ভাইরাসের প্রাদূর্ভাবের মধ্যেই মাননীয় প্রধানমন্ত্রী দেশবাসীকে করোনার দ্বিতীয় ঢেউ সম্পর্কে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন। এ প্রেক্ষিতে আমাদেরকেও সতর্কতা অবলম্বন করতে হবে।

সম্প্রতি বিজিএমইএ ঢাকা ও চট্টগ্রাম কার্যালয়সহ গুলশানস্থ পিআর এন্ড মিডিয়া সেলের বেশকয়েকজন কর্মকর্তা ও কর্মচারী করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন এবং নতুন সংক্রমণ সনাক্ত হচ্ছে। পিআর এন্ড মিডিয়া সেলে অত্যন্ত ক্ষুদ্র পরিসরে স্বল্প জনবল নিয়ে বিশেষ ব্যবস্থায় দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। সম্মানিত সদস্যবৃন্দের স্বাস্থ্য ঝুঁকি কমানোর জন্য বিজিএমইএ ঢাকা ও চট্টগ্রাম কার্যালয়সহ গুলশানস্থ পিআর এন্ড মিডিয়া সেলে সকলের গমনা-গমন সীমিত করা প্রয়োজন।

উপরোক্ত বক্তব্যের আলোকে সকলের স্বাস্থ্য ঝুঁকি কমানোর লক্ষ্যে বিজিএমইএ ঢাকা ও চট্টগ্রাম কার্যালয়সহ গুলশানস্থ পিআর এন্ড মিডিয়া সেলে সকল সদস্যগণের গমনা-গমন সীমিত রাখার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, করোনা ভাইরাস প্রাদূর্ভাবের প্রথম থেকেই বিজিএমইএ তার সম্মানিত সদস্যগণকে সার্বক্ষণিক ভার্চুয়াল পদ্ধতিতে সেবা প্রদান করে যাচ্ছে যা ভবিষ্যতেও বহাল থাকবে। উপরোক্ত কার্যালয় সমূহে কারো কোন প্রকার সাক্ষাতকার কিংবা মিটিং/সভা আয়োজনের প্রয়োজন হলে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণের জন্যও বিশেষভাবে অনুরোধ করা হলো।

করোনা ভাইরাস মোকাবেলায় বিজিএমইএ ম্যানেজমেন্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছে।

ধন্যবাদান্তে,

কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি, পিএসসি, এমফিল

সচিব

E:\Minhaj Hossain\Circular for BGMEA Members\Circular (B).doc